

সপ্তাহে ভারত-বাংলাদেশ রুটে চলবে ২১ ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 12 October, 2021



বাংলাদেশ ও ভারতের মধ্যে আকাশপথে ফ্লাইট সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী ১৫ অক্টোবর থেকে উভয় দেশের মধ্যে সপ্তাহে ২১টি ফ্লাইট চলাচল করবে বলে ভারতীয় হাইকমিশনের ভেরিফায়েড ফেসবুকে জানানো হয়েছে। ভারতীয় হাইকমিশন থেকে জানানো হয়, বাংলাদেশ ও ভারতের মধ্যে যৌথভাবে এয়ার বাবল ব্যবস্থা রয়েছে। এর অধীনে সপ্তাহে চলাচল করা ফ্লাইটের সংখ্যা ৭টি থেকে ২১টিতে উন্নীত করা হবে। দুই দেশের নাগরিকরা ১৫ অক্টোবর থেকে এই সুবিধা পাবে। এর ফলে চিকিৎসা ও ব্যবসায়িক কাজে ভারতে যাওয়া বাংলাদেশিরা যেমন উপকৃত হবেন, তেমনই বাংলাদেশে আসা ভারতীয়রাও সুবিধা পাবেন। ফ্লাইট সংখ্যা ৩ গুণ বাড়ায় ভ্রমণকারীর সংখ্যাও আনুপাতিক হারে বাড়বে, এমনটাই আশা করা হচ্ছে। এর আগে করোনার সংক্রমণ কমে আসায় গত ৪ সেপ্টেম্বর থেকে ভারতে ফ্লাইট পরিচালনার অনুমতি দেয়া হয় দেশের বিমানসংস্থাগুলোকে। সে অনুযায়ী ভারতের সঙ্গে করা এয়ার বাবল চুক্তির আওতায় দুই দেশের মধ্যে ফ্লাইট চলাচল শুরু হয়। চুক্তি অনুযায়ী সে সময় থেকে বাংলাদেশ থেকে ভারতে সপ্তাহে ৭টি ফ্লাইট পরিচালনা করেছে ৩টি এয়ারলাইন্স। সপ্তাহে ৭টি ফ্লাইটের মধ্যে ঢাকা থেকে কলকাতা রুটে ২টি এবং দিল্লি রুটে ২টি ফ্লাইট পরিচালনা করছিল বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। অন্যদিকে, ঢাকা থেকে চেন্নাই রুটে ৩টি ফ্লাইট পরিচালনা করে আসছিল ইউএস-বাংলা এয়ারলাইন্স।